



ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান

প্রধান কার্যালয়

পল্লী ভবন (৭ম তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

www.sfdf.gov.bd



স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.০৬.০৭৮.১৮.

২৮২২

তারিখঃ ২৬/১০/১৯৪৩০ বঙ্গাব্দ
০৮- ১১/১২/২০২৩ খ্রিস্টাব্দ

সভার নোটিশ

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ের সেপ্টেম্বর-অক্টোবর ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভা আগামী ১৪ নভেম্বর ২০২৩খ্রি. রোজ মঙ্গলবার বেলা ২:০০ টায় ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জনাব মোঃ জাকির হোসেন আকন্দ-এর সভাপতিত্বে প্রধান কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রধান কার্যালয়ের সহকারী ব্যবস্থাপক থেকে তদুর্ধ্ব পর্যায়ের সকল কর্মকর্তা, সকল আঞ্চলিক ব্যবস্থাপক (জুমে) এবং 'রূপকল্প ২০৪১: দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন' প্রকল্পের ২৭ জন উপজেলা ব্যবস্থাপকে (জুমে) যথাসময়ে প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ যোগদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Zoom Meeting ID: 6350428412

সভার আলোচ্যসূচি:

- ১। গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
- ২। ঋণের চলতি ও মেয়াদোত্তীর্ণ খেলাপি রোধ;
- ৩। সার্টিফিকেট ও চেক ডিজঅনার মামলার অগ্রগতি পর্যালোচনা;
- ৪। লোকসানী উপজেলাসমূহ লাভজনক অবস্থায় উন্নিতকরণ;
- ৫। অধিশাখা ভিত্তিক ই-নথি/ডি-নথির নোট নিষ্পত্তিকরণের বিষয়ে আলোচনা; এবং
- ৬। বিবিধ।

মোহাম্মদ সুহেল মিঞা খাদেম
সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রকল্প পরিচালক, "রূপকল্প ২০৪১: দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন" শীর্ষক প্রকল্প, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩। উপ-মহাব্যবস্থাপক (সকল), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। আঞ্চলিক ব্যবস্থাপক (সকল), আঞ্চলিক কার্যালয় এবং প্রকল্পের ২৭ জন উপজেলা ব্যবস্থাপক।
- ৫। মহাব্যবস্থাপকের ব্যক্তিগত কর্মকর্তা- মহাব্যবস্থাপক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। সংশ্লিষ্ট নথি।
- ৭। অফিস কপি।
- ৮। নোটিশ বোর্ড।